সংবাদ

তারিখ 16 JUNE 2009
পৃষ্ঠা ... কলাম ...

রাজশাহীতে কর্মশালায় শিক্ষা প্রতিমন্ত্রী

# ২০১১ সালের মধ্যে দেশের সব শিশুকে প্রাথমিক শিক্ষার আওতায় আনা হবে

নিজস্ব বার্তা পরিবেশক, রাজশাহী

প্রাথমিক ও গণশিক্ষা বিষয়ক মন্ত্রণালয়ের প্রতিমন্ত্রী মো. মোতাহার হোসেন বলেছেন, ২০১১ সালের মধ্যে দেশের সব শিশুকে প্রাথমিক শিক্ষার আওতায় নিয়ে আসা হবে। কোন শিশু যাতে শিক্ষার অধিকার থেকে বঞ্চিত না হয় সেদিকে সতর্ক দৃষ্টি রাখবে সরকার। গত শনিবার রাজশাহী পিটিআই অডিটোরিয়ামে অনুষ্ঠিত বিদ্যালয়ভিত্তিক উন্নয়ন পরিকল্পনা বিষয়ক অবহিতকরণ কর্মশালায় প্রধান অতিথির বক্তব্যে তিনি একথা বলেন। প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের পরিকল্পনা ও উন্নয়ন বিভাগের পরিচালক বাবুল কুমার সাহার সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন অধিদপ্তরের ভারপ্রাপ্ত মহাপরিচালক আবদুর রউফ চৌধুরী ও রাজশাহী জেলা প্রশাসক শফিউল করিম। এছাড়া রাজশাহী জেলা শিক্ষা অফিসার ও উপজেলা শিক্ষা অফিসাররা কর্মশালায় অংশগ্রহণ করেন।